



রেজিস্ট্রারের দপ্তর

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং- গোবিপ্রবি/র/জ.প্র.-১/৭০-৪৪

তারিখ : ১৪ মাঘ ১৪৩২  
২৮ জানুয়ারি ২০২৫

### বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীর (চাকরি স্থায়ীকরণ, বার্ষিক ধাপ প্রদান ও আপগ্রেডেশন প্রদানের ক্ষেত্রে) ২০২৫ সালের “বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR)” প্রয়োজন। বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নির্ধারিত ফরম (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং প্রয়োজনে ফটোকপি করা যাবে) যথাযথভাবে পূরণপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয়/দপ্তর প্রধানের নিকট এবং দপ্তর প্রধানগণ (কর্মকর্তা) ভাইস চ্যান্সেলর মহোদয়ের নিকটে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জমা দেয়ার জন্য বলা হচ্ছে।

উল্লেখ্য, বিভাগীয়/দপ্তর প্রধানগণ তাদের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীর “বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR)” ফরম মূল্যায়নপূর্বক তা পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খামের উপর নাম (প্রত্যেকের জন্য আলাদা), পদবী ও বিভাগ/দপ্তরের নাম লিখে সীল-গালা করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মো. এনামউজ্জামান)

রেজিস্ট্রার

ই-মেইলঃ [registrar@gstu.edu.bd](mailto:registrar@gstu.edu.bd)

স্মারক নং- গোবিপ্রবি/র/জ.প্র.-১/৭০-৪৪

তারিখ : ১৪ মাঘ ১৪৩২  
২৮ জানুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) :

১. সকল ডিন/পরিচালক/চেয়ারম্যান/হল প্রভোস্ট/দপ্তর প্রধান, গোবিপ্রবি, গোপালগঞ্জ।
২. পিএস টু ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৩. পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, গোপালগঞ্জ (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৪. পিএ টু ড্রেজারার, গোবিপ্রবি, গোপালগঞ্জ (ড্রেজারার মহোদয়ের জ্ঞাতার্থে)।
৫. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।
৬. নোটিশ বোর্ড।
৭. মহানথি।

(মো: মিলন হাসান)

সহকারী রেজিস্ট্রার